গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ
www.bhaluka.mymensingh.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৬১১৩.০০১.৪৩.০০২.২০-৭৮৩ তারিখ: ২৪/১০/২০২১ খ্রি.

বিষয় : ভালুকা উপজেলা পরিষদ এর উন্নয়ন সমন্বয় কমিটির অক্টোবর ২০২১ মাসের মাসিক সভা।

আগামী ২৭ অক্টোবর ২০২১ তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ টায় উপজেলা পরিষদ এর উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ভালুকা উপজেলা পরিষদ এর সম্মেলন কক্ষে (পুরাতন ২য় তলায়) অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় স্বাস্থ্য বিধি মেনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

অলোচ্যসূচী :
১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা।
৩। বিবিধ বিষয়ে আলোচনা।

২৪/১০/২১
(আব্দুল্লাহ আল বাকিউল বারী)
উপজেলা নির্বাহী অফিসার (অতি: দা:)
ভালুকা, ময়মনসিংহ
ফোন : ০৯০২২৫৬০১৮(অফিস)
Email: unobhaluka@mopa.gov.bd

------------------------------------------
------------------------------------------
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং- ০৫.৪৫.৬১১৩.০০১.৪৩.০০২.২০-৭৮৩(৩৫) তারিখ: ২৪/১০/২০২১ খ্রি.
অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো।
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৬-ময়মনসিংহ-১১।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
০৬। চেয়ারম্যান (সকল), ---------------------------------------------- ইউনিয়ন পরিষদ, ভালুকা।
০৭। অফিস।

২৪/১০/২১
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ

# উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ এর অক্টোবর-২০২১খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আবুল কালাম

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ভালুকা, ময়মনসিংহ।

তারিখ : ২৭/১০/২০২১ খ্রি. | রোজ: বুধবার | সময় : দুপুর ১২:০০ টা

## উপস্থিত সদস্যবর্গ : পরিশিষ্ট "ক"

উপজেলা পরিষদের মাসিক সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা জনাব মোঃ আবুল কালাম সভায় উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব সালমা খাতুন কে অনুরোধ জানান এবং তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।

বিগত সভার কার্যবিবরণী বিস্তারিত ভাবে পর্যালোচনা করা হয়। কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী সভায় আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা :

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) :**<br>ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ভালুকা উপজেলার পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা করা প্রয়োজন এবং সেপ্টেম্বর-২১ মাসে গৃহীত বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর অর্থায়নের আওতায় গৃহীত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হচ্ছে। | ক) প্রকল্পগুলি প্রাক্কলন দ্রুত প্রস্তুত পূর্বক দরপত্র আহ্বান পূর্বক ঠিকাদার নির্বাচন / RFQ প্রক্রিয়া/ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভালুকা,<br>উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা,<br>উপজেলা প্রকৌশলী (LGED)ভালুকা |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভালুকা,ময়মনসিংহ এর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে। বর্তমান কোভিড-১৯ মহামারীতে স্বাস্থ্য বিধিমেনে, মাস্ক এবং হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে সকলকে অনুরোধ জানান। এ স্বাস্থ্য কমপ্লেক্সে নিরাপত্তা কর্মী এবং পরিচ্ছন্নতা কর্মী অন্যান্য জনবলের স্বল্পতা রহিয়াছে যার দরুন হাসপাতালের সার্বিক কর্মকান্ড কিছুটা বিঘ্ন ঘটে। এই কোভিড-১৯ করোনা মহামারী প্রতিরোধ এবং নিয়ন্ত্রনের জন্য সকলকে সার্বিক সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। ইউনিয়ন পর্যায়ে কোভিড-১৯ ভ্যাকসিনেশন ক্যাম্প সফল ভাবে বাস্তবায়ন করা হয়েছে। উক্ত কার্যক্রমে স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ সার্বিক ভাবে সহায়তা করার জন্য সকলকে ধন্যবাদ জানান। স্বাস্থ্য কর্মী এবং স্বেচ্ছাসেবকদের মাধ্যমে ভ্যাকসিনেশন কার্যক্রম সঠিক ভাবে বাস্তবায়ন করা হয়েছে। স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম অব্যাহত রহিয়াছে। তিনি হাসপাতালে বহিরাগত দালালদের দৌরাত্মের বিষয়টিও সভাকে অবহিত করেন। এছাড়াও দপ্তররে অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবকিভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা (কভিড-১৯) কালে সেবা প্রদানকারীকে সতর্কতার সাথে সেবা প্রদান পূর্বক সেবা গ্রহণকারীদের কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভালুকা |
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ দপ্তর হতে এ মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে। সক্ষম দম্পত্তি = ৯১৩৪৮ টি, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহিতা = ৭২৩৩৩ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের | বিস্তারিত আলোচনান্তে করোনা (কভিড-১৯) কালে জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি ব্যবহার সম্পর্কে | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| | হার (CAR) = ৭৯.১৮%, স্থায়ী পদ্ধতি = ১০জন, আইইউডি = ৫৮জন, ইমপ্ল্যান্ট = ৩৫ জন, ইনজেকটেবল = ৯৪৬০ জন, খাবার বড়ি = ৪৫৪৭৮, কনডম = ৫৬৯০ জন, মোট গর্ভবতীর সংখ্যা = ২৭৪৪ জন, গর্ভকালীন সেবার তথ্য = ৯৮২ জন, প্রসব সেবার তথ্য = ৩৬৩ জন, নরমাল ডেলিভারি সেবা = ১৫ জন, মোট জীবিত জন্ম = ২৬৬ জন, প্রসবোত্তর সেবার তথ্য ৬৫২ জন, কিশোর কিশোরীর সেবা ২৭১০ জন, পাঁচ বছর পর্যন্ত শিশুর সেবা = ৬৮১৫ জন, পুষ্টি সেবা = ২২২১ জন, সাধারণ রোগীর সেবা = ৫৫১৩ জন, সম্পাদিত স্যাটেলাইটের সংখ্যা = ৪৬ জন, কৈশোর বান্ধব প্রদত্ত সেবা = ১৬০ জন, কমিউনিটি ক্লিনিকের প্রদত্ত সেবা = ১৪৭১ জন, সিএসবিএদের প্রদত্ত সেবা = ৯৪৬ জন, সিএসবিএদের প্রসব সেবা = ১৪ জন। | জনসচেতনতা ও গ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি করা এবং সেবা গ্রহণকারীদের কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় | |
| ০৪ | **উপজেলা কৃষি বিভাগ :**<br>উপজেলা কৃষি কর্মকতা সভায় জানান যে, এ মাসের কার্যক্রম সমুহ নিম্নোছক মোতাবেক উপস্থাপন করা হইল।<br>১. রাজস্ব খাতের আওতায় আমন ধান প্রদর্শনী ৩০টি।<br>২. কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ওমসলা বীজ উৎপাদন সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় মাসকলাই প্রদর্শনী ০৭টি।<br>৩. আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় রোপা আমন ধান প্রদর্শনী ১০টি, কৃষক মাঠ স্কুল ১০টি।<br>৪. লেবু জাতীয় ফসলের সম্প্রসারণ ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় মাল্টা ও দার্জিলিং কমলা বাগান ৩০টি।<br>৫. পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমেনিরাপদ ফসল উৎপাদন প্রকল্পের আওতায় জৈব কৃষি ও জৈবিক বালাই ব্যবস্থাপনা প্রদর্শনী ০৩টি।<br>৬.অনাবাদি পতিত জমি ও বসতবাড়ী আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় সবজি পুষ্টি বাগান ২১টি।<br>৭. বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় ভার্মি কম্পোষ্ট ২টি, মিশ্র ফল বাগান ২ টি, বসত বাড়ীতে সবজি বাগান ২টি, মাসকলাই ২টি, খামারজাত সার ১টি, রোপা আমন প্রদর্শনী ১০।<br>৮. তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় রোপা আমন প্রদর্শনী ১৬টি।<br>৯. ২০২১-২২ অর্থ বছরের কৃষি প্রণোদনা কর্মসূচি আওতায় মাসকলাই ১০০টি, পেঁয়াজ ২০টি, পাট বীজ উৎপাদন ১০টি। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে দেশের খাদ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য নিয়মিত চাষিদের কৃষি খামার পরিদর্শন সহ খাদ্য উৎপাদনের ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ভালুকা |
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :**<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, এ মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে।<br>ক) গবাদি প্রাণির টিকা প্রদান = ২৬৪৮ টি<br>খ) হাঁস মুরগীর টিকা প্রদান = ৮৫০০০ টি<br>গ)গবাদিপশুর চিকিৎসা = ২৭৯৫ টি<br>ঘ) হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান = ১৮৮০০ টি<br>ঙ) গাভীর প্রজনন = ৫৫৯ টি,<br>চ) গাভীর বাচ্চা জন্ম = ২৪৯ টি<br>২) ক. কৃত্রিম প্রজনন ফি বাবদ রাজস্ব আয় ১৬,৭৭০/-, খ. হাঁস-মুরগীর টিকা বিক্রি রাজস্ব আয় ১৮,৫৭৫/-, গ. খামার /ফিড মিল রেজি: ফি বাবদ রাজস্ব আয়= ৩০০০/- মোট আয় রাজস্ব আয় = ৩৮,৩৬৫/-<br>৩) দুধ উৎপাদন .০১৪৩৭ মে:টন, মাংস উৎপাদন .০৩০২৩মে:টন,<br>ডিম উৎপাদন .৬২৫৫ কোটি। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে প্রাণিসম্পদ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রাণিসম্পদ সম্পদ আইন মোতাবেক প্রাণি খাদ্যের মান, চাষিদের খামার পরিদর্শন সহ প্রাণি সম্পদ বৃদ্ধির ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভালুকা |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে,<br>১। এ মাসে ২৫ (পচিশ) জন মৎস্য চাষীকে বিভিন্ন বিষয়ে মৎস্য পরামর্শ সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও মুজিববর্ষ উপলক্ষে বিশেষ মৎস্য সেবা কার্যক্রমের আওতায় ২ (দুই) জন মৎস্য চাষীর পানির বিভিন্ন গুণাগুণ পরীক্ষা করা হয়েছে। আরও বিস্তৃত পরিসরে পানি পরীক্ষা ও বিজ্ঞান সম্মতভাবে মৎস্য চাষ বিষয়ক পরামর্শ কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্তে অনতিবিলম্বে ১ (এক) | বিস্তারিত আলোচনান্তে মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মৎস্য সম্পদ আইন মোতাবেক মৎস্য খাদ্যের মান, মাছের অভয়াশ্রম ব্যবস্থাপনা, মৎস্য চাষিদের খামার পরিদর্শন সহ মৎস্য উৎপাদনের ধারা অব্যাহত রাখা সহ সায়েন্টিফিক যন্ত্রপাতি | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| | লক্ষ টাকার বিভিন্ন সায়েন্টিফিক যন্ত্রপাতি সম্বলিত পানি পরীক্ষা করার কিট বক্স সংগ্রহ করা অত্যন্ত প্রয়োজন।<br>২। রাজস্ব বাজেটের আওতায় উপজেলার বিভিন্ন নির্বাচিত জলাশয়ে ৪৫০ (চারশত পঞ্চাশ) কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়েছে।<br>৩। মৎস্য ও পশু খাদ্য আইন ২০১০ এবং মৎস্য খাদ্য বিধিমালা ২০১১ অনুসারে একটি প্রতিষ্ঠানকে মৎস্য খাদ্য উৎপাদনকারী ক্যাটাগরি-১ লাইসেন্স প্রদান করা হয়েছে। এছাড়াও দপ্তররে অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবকি ভাবে চলছে। | সম্বলিত পানি পরীক্ষা করার কিট বক্স সংগ্রহ করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় | |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, এ মাসে নিম্নোক্ত কাজগুলি চলমান রয়েছে।<br>০১। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তারাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান গত ১২/০৯/২০২১ খ্রি. তারিখ খোলা হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত ওয়েব সাইডে প্রতিদিন গুগল ডক্স এবং মনিটরিং তথ্য প্রেরণ।<br>০২।শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এস্টাবলিশমেন্ট অব ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট (IEIMS), প্রকল্পে আওতায় সকল শিক্ষার্থীদের ইউনিক আইডি (UID) প্রদানের নিমিত্ত গত ১৪/০৯/২০২১ খ্রি. তারিখ প্রতিষ্ঠান প্রধানসহ আইসিটিতে অভিজ্ঞ শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকগণ প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের (UID) কার্যক্রম চলমান।<br>০৩। মহাপরিচালক, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী অত্র উপজেলার সকল মাদ্রাসায় বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে।<br>০৪। অন লাইনের মাধ্যমে এমপিও, শিক্ষকদের উচ্চতর গ্রেড প্রদান।<br>০৫। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শারীরিক শিক্ষা বিভাগ এর পত্রের নির্দেশনা অনুযায়ী অত্র উপজেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে টীম গঠন করে অধিদপ্তরে প্রেরণ করা।<br>০৬। মুজিববর্ষে গাছ রোপন- পরিবেশের সংরক্ষণ- শীর্ষক প্রকল্প মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত পরিপত্র মোতাবেক ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের টীম গঠন করে বৃক্ষরোপন প্রকল্প বাস্তবায়ন।<br>০৭। উপজেলা পরিষদ, জেলা শিক্ষা অফিস, উপ-পরিচালকসহ উর্দ্ধতন কর্তৃপক্ষের চলমান সকল সম্পৃক্ত কার্যাদি সম্পাদন।<br>০৮। শিক্ষা প্রতিষ্ঠান জরিপ-২০২১ কার্য চলমান।<br>০৯।সরকারি নির্দেশনা মোতাবেক সকল অফিস আদেশ বাস্তবায়ন করা হচ্ছে।<br>১০। শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের ও এসএমসি/এমএমসি/জিবি- এর সভাপতি মহোদয়দের সাথে মতবিনিময় সভা করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা |
| ০৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,<br>১. কোভিড-১৯এর কারণে দীর্ঘ প্রায় ১৮ মাস বিদ্যালয় পর্যায়ে সরাসরি পাঠদান কার্যক্রম বন্ধ থাকার পর গত ১২ সেপ্টেম্বর ২০২১খ্রি. তারিখ থেকে স্বাস্থ্য বিধি মেনে নির্ধারিত শ্রেণী রুটিন অনুযায়ী শ্রেণী পাঠদান শুরু হয়েছে।<br>২। প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকদের বেতন ইএফটি এর মাধ্যমে শতভাগ প্রদান করা হচ্ছে। সহকারী শিক্ষকদের বেতন সরকারি নির্দেশনা অনুযায়ী ১৩তম গ্রেডে প্রদান করা হচ্ছে। পাশাপাশি সহকারী শিক্ষকদের ১৩তম গ্রেডের বকেয়া বেতন প্রদানের কার্যক্রম চলামান রয়েছে।<br>৩। অনলাইনে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলমান আছে।<br>৪। বিদ্যালয়ের নতুন এসএমসি গঠন কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান রয়েছে এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :**<br>**উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,**<br>০১। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির আওতায় নির্বাচনী ও উপজেলা পরিষদের ১ম পর্যায়ের বরাদ্ধ পাওয়া গিয়াছে। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) উপজেলা পরিষদের বরাদ্ধের ইউনিয়নে উপবরাদ্ধ প্রদান করা হয়েছে এবং প্রকল্পের তালিকা তৈরির কাজ চলমান ।<br>০২ গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি-আর) কর্মসূচির আওতায় নির্বাচনী ও উপজেলা পরিষদের ১ম পর্যায়ের বরাদ্ধ পাওয়া গিয়াছে। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি-আর) উপজেলা পরিষদের বরাদ্ধের ইউনিয়নে উপবরাদ্ধ প্রদান করা হয়েছে এবং প্রকল্পের তালিকা তৈরির কাজ চলমান ।<br>০৩। মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ৩৩৩ ফোন কলে আবেদনকৃত ব্যক্তিদের মাঝে যাচাই এর ভিত্তিতে ত্রাণ কার্য বিতরণ চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কে টি.আর / কাবিটার গৃহীত প্রকল্পের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভালুকা |
| ১০ | **উপজেলা খাদ্য বিভাগ :**<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্য শষ্য (চাল) ক্রয়, অন্য গুদাম হতে চাল সংগ্রহ, বিভিন্ন খাতে চাল / গম বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।** | বিস্তারিত আলোচনান্তে খাদ্য শষ্য ক্রয়ে স্বচ্ছতা এবং নিয়মিত সকল তথ্য উপাত্ত পরিষদকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভালুকা |
| ১১ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা :**<br>**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,**<br>১। ভিজিডি খাদ্যশস্য বিতরন সংক্রান্তঃ সেপ্টেম্বর/২০২১ ইং মাসে অত্র উপজেলার ১১টি ইউনিয়নের নির্বাচিত ২৬১২ জন উপকারভোগীর মাঝে ভিজিডি চাল বিতরন কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>২। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (IGA) প্রকল্প *কার্যক্রম* এর আওতায় ১৫ সেপ্টেম্বর/২০২১ ইংহতে ১২ তম ব্যাচের *কার্যক্রম* চালু রয়েছে।<br>৩। কিশোর কিশোরী ক্লাব সংক্রান্তঃ অত্র উপজেলায় ৬টি ইউনিয়নে ৬টি কিশোর কিশোরী ক্লাব এর *কার্যক্রম* সুষ্ঠভাবে চলছে।<br>৪। দিবস উদযাপন সংক্রান্তঃ ৩০সেপ্টেম্বর/২১খ্রি জাতীয় কন্যাশিশু দিবস প্রশাসনের সাথে সমন্বয় পূর্বক যথাযথভাবে উদযাপন করা হয়েছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক *কার্যক্রম* সুষ্ঠভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে কোভিড-১৯ করোনা কালীন সময়ে প্রশিক্ষণ গ্রহণকারীরা স্বাবলম্বী হতে পারে তার জন্য সকল প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং সকল ভাতা ভোগী যাতে কোন ধরণের হয়রানি না হয় তার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। ভালুকা |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি) :**<br>**উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে বিআরডিবি সমিতি পর্যায়ে ঋণদান কর্মসূচী ছাড়াও বিভিন্ন সেবা মূলক কর্মকান্ড পরিচালনা করে থাকে। ঋণ বিতরণের সময় সমিতির সদস্যদের সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, মাদকের কুফল, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা তাছাড়া বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয় এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।** | বিস্তারিত আলোচনান্তে এ বিভাগের প্রতিটি ক্ষেত্রে অনুষ্ঠিতব্য সভায় সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভালুকা। |
| ১৩ | **উপজেলা সমাজসেবা দপ্তর :**<br>**উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ভাতার নীতিমালা অনুযায়ী প্রতি তিন মাস অন্তর অন্তর ভাতা প্রতিস্থাপনের বিষয়ে উপস্থিত ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হলে আগামী তিন কার্যদিবসের মধ্যে ১ম কিস্তির পেরোল প্রদানের পুর্বেই মৃত/নিরুদ্দেশ ভাতা ভোগী প্রতিস্থাপনের কাজ শেষ করতে বলা হলো। উপজেলা সমাজসেবা কার্যালয়ের সামনের গাছগুলির ডাল কাটাহলে ভবনের ছাদ তথা ভবনটি ড্যামেজের হাত হতে রক্ষা পেতো। এ দপ্তরে যেহেতু তৃণমুল বয়স্ক, প্রতিবন্ধীদের নিয়ে কাজ করে সেক্ষেত্রে অফিসের সিঁড়ি, দরজা, জানালা সহ ভবনের মেরামত করা একান্ত প্রয়োজন।** | বিস্তারিত আলোচনান্তে সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে সরকারি বিধি মোতাবেক ভাতা ভোগীদের ভাতাকার্ড বিতরণ এবং প্রতিবন্ধী ও অটিজম ব্যক্তি/শিশুদের সরকারী সকল সুযোগ সুবিধা দ্রুত সময়ের মধ্যে প্রদান করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় এবং ভবন মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভালুকা |

<table>
<tr>
<td>১৪</td>
<td><u>জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন :</u> সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, ভালুকা সভায় জানান যে, ভালুকা উপজেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের আওতায় নতুন রোগীর সংখ্যা ২৬জন, সর্বমোট রোগীর সংখ্যা ৭১৯৫ জন, প্রতিদিন আগত রোগীর সংখ্যা ৩৫/৪০জন, চক্রাকারে রোগীর সংখ্যা ৫২৩জন, চক্রাকারে সর্বমোট রোগীর সংখ্যা = ১০৫২৫৪ জন। ১৫ আগস্ট ২০২১ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান এঁর ৪৬তম শাহাদত বার্ষিকিতে জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়। প্রতিবন্ধী ও অটিজম শিশুদের মাঝে বিনামূল্যে ফিজিওথেরাপী, স্পীচ ও ল্যাংগুয়েজ থেরাপী এবং অকুপেশনাল থেরাপী নিয়মিত প্রদান করা হয় এছাড়াও অটিজম শিশুদের জন্য টয়লাইব্রেরী চালু করা হয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে সরকারি বিধি মোতাবেক বিনামূল্যে প্রতিবন্ধী ও অটিজম ব্যক্তি/শিশুদের চিকিৎসা প্রদানের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, ভালুকা, ময়মনসিংহ</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td><u>উপজেলা সমবায় বিভাগ :</u><br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে,<br>০১। কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যাঃ-০৪টি,(বিভাগীয়-০২টি,বিআরডিবি ২টি।<br>০২। ২০১৯-২০খ্রি. সনে অডিটযোগ্য প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ২২৫টি।<br>০৩। শেয়ার মুলধনের পরিমান : ৪১,৫২,০০০/-<br>০৪। সঞ্চয় আমানতের পরিমান : ৫১,২৪,২৪,০০০/-<br>০৫। ২০১৯-২০২০খ্রি. সমবায় বর্ষে আদায়কৃত অডিট ফি = ৮১,৮৯০/-<br>০৬। ২০১৯-২০২০খ্রি. সমবায় বর্ষে আদায়কৃত সিডিএফ = ৪৬,৪৫১/-<br>শতভাগ অডিট ফি, ভ্যাট ও সিডিএফ এর অর্থ আদায় পূর্বক সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে।<br>০৭। আশ্রয়ন প্রকল্পের তথ্যঃ
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ব্যারাক সংখ্যা</th><th>পূণর্বাসিত পরিবারের সংখ্যা</th><th>বিতরণকৃত ঋণের পরিমা</th><th>আদায়কৃত ঋণের পরিমান</th><th>পাওনা ঋণের পরিমান</th></tr>
<tr><td>হাতীবেড় আশ্রয়ন প্রকল্প</td><td>১৪টি</td><td>১৪০টি</td><td>২৬৪৩০০০/-</td><td>১২৬৫২৩২/-</td><td>১৩৭৭৭৬৮/-</td></tr>
<tr><td>ধুলিকুড়ি আশ্রয়ন প্রকল্প</td><td>০২টি</td><td>২০টি</td><td>৬৬৬০০০/-</td><td>৩৫৯৩৪৭/-</td><td>৩০৬৬৫৩/-</td></tr>
<tr><td>বনগাঁও আশ্রয়ণ প্রকল্প</td><td>০৬টি</td><td>৬০টি</td><td>১৮০০০০০/-</td><td>১৩০০২১১/-</td><td>৪৯৯৭৮৯/-</td></tr>
<tr><td>মোট</td><td>২২টি</td><td>২২০টি</td><td>৫১০৯০০০/-</td><td>২৯২৩৪৯০/-</td><td>২৭৮৫৫১০/-</td></tr>
</table>
০৯। ২০২০-২০২১খ্রি.সনে নিবন্ধন ফি ও ভ্যাট আদায় ট্রেজারি চালানে জমা ৬৯০/- এ ছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে সমিতি সমূহের কর্যক্রম সার্বক্ষণিক মনিটর এবং কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতা মূলক আলোচনা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় ।</td>
<td>উপজেলা সমবায় অফিসার, ভালুকা</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td><u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :</u><br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য ) সভায় জানান যে,<br>০১। <u>সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ঃ</u> উক্ত প্রকল্পের আওতায় ২০১৯-২০২০খ্রিঃ অর্থ বছরে ২৮৬টি(ইউনিয়ন প্রতি ২৬টি করে) সাবমারসেবল পাম্পযুক্ত অগভীর নলকূপ স্থাপন কাজের বরাদ্দ পাওয়া গিয়েছিল যার মধ্যে ২৫০টির বোরিং কাজ সমাপ্ত হয়েছে এবং বাকী কাজ চলমান।<br>এছাড়াও ২০২০-২০২১খ্রিঃ অর্থ বছরেও ২৮৬টি (১৪৩টি সাব-মারসেবল পাম্পযুক্ত অগভীর নলকূপ এবং ১৪৩টি হ্যান্ড পাম্পযুক্ত তারা অগভীর নলকূপ) নলকূপ স্থাপন কাজের বরাদ্দ পাওয়া গিয়াছে। যার মধ্যে ৪০টি সাবমারসেবল পাম্পযুক্ত অগভীর নলকূপের বোরিং কাজ সমাপ্ত হয়েছে এবং বাকী কাজ চলমান।<br>০২। <u>প্রাথমিক বিদ্যালয়ে নিরাপদ পানি সরবরাহ ও উন্নত স্যানিটেশন ব্যবস্থা ঃ</u> PEDP-4 প্রকল্পের আওতায় ২৫টি বিদ্যালয়ে ভবনের সাথে দোতলা Attached Wash Block নির্মাণ কাজের বরাদ্দ পাওয়া গিয়েছে</td>
<td>বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত নলক,প স্থাপনকালে নিয়মিত মনিটরিং এর মাধ্যমে চলমান প্রকল্পগুলির কাজের গুনগত মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়</td>
<td>উপ-সহকারী / সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভালুকা</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | যার মধ্যে ০৫টির কাজ সমাপ্ত এবং বাকী কাজ চলমান।<br>০৩। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প ঃ উক্ত প্রকল্পের আওতায় ২০২০-২০২১খ্রিঃ অর্থ বছরে ১৮টি ০৬নং হ্যান্ড পাম্পযুক্ত তারা অগভীর নলকূপ এবং ০৫টি সাবমারসেবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন কাজের বরাদ্দ পাওয়া গিয়েছিল যার কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে।<br>০৪। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘরে অগ্রাধিকার ভিত্তিতে পানির উৎস/নলকূপ স্থাপন ঃ ভালুকা উপজেলায় ১ম ধাপে ২২টি স্পটে নির্মিত ১৯৯টি ঘরের জন্য ২৪টি ০৬নং হ্যান্ড পাম্পযুক্ত তারা অগভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছিল যার কাজ সমাপ্ত হয়েছে এবং নিয়মিত মনিটরিং করা হচ্ছে। এছাড়াও ২য় ধাপে ০৫টি স্পটে নির্মিত ৮০টি ঘরের জন্য ০৯টি তারা অগভীর নলকূপ বরাদ্দের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট চাহিদা প্রেরণ করা হয়েছে। | | |
| ১৭ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এ মাসে মোট ঋণের কোন আদায় হয়নি এবং মোট ক্রমপুঞ্জিতি ঋণ বতিরণ- ৩,৭৫,৩২,৩৫০/-<br>১। এ মাসে মোট ঋণ আদায়- ৩,১১.৯১৫/- এবং মোট ক্রমপুঞ্জিতি আদায় ২.৯৬.৯৮,০২৪/-<br>২। এ মাসে খেলাপী আদায় ৩৫,২৬৪/ এবং মোট ঋণ আদায়ের হার-৯১%<br>৩। এ মাসে মৎস্য চাষরে ০৭ দনি প্রশিক্ষণ ৩০ জন। এ মাসে মোট ঋণ আদায়ের হার-৯১% | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায়ের জন্য পরামর্শ প্রদান করা হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভালুকা |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান বিভাগ :**<br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, এ মাসে সম্পাদিত কর্যক্রম সমুহ :<br>১। আউশ ফসলের নমুনা কর্তন ও ফলাফল নির্ণয়<br>২। আউশ ফসলের অনুমানিক হিসাব সংগ্রহ ও প্রতিবেদন তৈরী<br>৩। পাট ফসলের নমুনা কর্তন ও ফলাফল নির্ণয়।<br>৪। পাট ফসলের অনুমানিক হিসাব সংগ্রহ ও প্রতিবেদন তৈরী<br>৫। চলতি মৌসুমে আমন ফসলের ১ম পূর্বাভাস জরিপ তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরী।<br>৬। ৩২টি দাগগুচ্ছ হইতে ৪র্থ পর্ব জরিপ তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরী।<br>৭। মাসিক কৃষি মজুরির হার জরিপ সংগ্রহ ও প্রতিবেদন তৈরী।<br>৮। গ্রীষ্মকালীন ভূট্টা জরিপ তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরী<br>৯। এছাড়াও ৮-১০টি স্থায়ী ও অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ।<br>এ ছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক এ ধারা অব্যাহত রাখার জন্য তাঁকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ভালুকা। |
| ১৯ | **উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :**<br>উপজেলা সিনিয়র দারিদ্র্য বিমোচন অফিসার সভায় জানান যে, এ মাসে ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করা হয়েছে।<br>১। ঋণ বিতরণ : ক্ষুদ্র ঋণ ২৪.৭৫ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ৫.১০ লক্ষ, উদ্যোক্তা ঋণ ১৩.০০ লক্ষ, প্রনোদনা ঋণ ২৪.০০ লক্ষ, মোট ৬৬.৮৫ লক্ষ টাকা।<br>২। ঋণ আদায় : ক্ষুদ্র ঋণ ৩২.৯৩ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ১০.২১ লক্ষ, উদ্যোক্তা ঋণ ৩৪.৭৫ লক্ষ, প্রনোদনা ঋণ ১.১৭ লক্ষ, মোট ৭৯.০৬ লক্ষ টাকা।<br>৩। ঋণ আদায়ের হার : ক্ষুদ্র ঋণ ৯৫%, নারী উদ্যোক্তা ঋণ ৮৫%, উদ্যোক্তা ঋণ ৯৬%, প্রনোদনা ঋণ ১০০% লক্ষ, গড় ৯৪% এবং সকল ধরনের সঞ্চয় আদায় = ১৮.৪৩ লক্ষ, সঞ্চয় ফেরত = ২০.৭১ লক্ষ টাকা মাত্র। এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং করোনা কালীন সময়ে সরকার নির্ধারিত বিধি মোতাবেক কাজ করার নির্দেশ প্রদান করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২০ | **উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লী জীবিকায়ন প্রকল্প) :**<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ্র) এর কার্যালয় হতে কোন কার্যপত্র পাওয়া যায়নি। | | প্রকল্প কর্মকর্তা, প্রজীপ, ভালুকা |
| ২১ | **উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) বিভাগ :**<br>উপ-সহকারী প্রকৌশলী( বিএডিসি) এর কার্যপত্র পাওয়া যায়নি। | | উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) ভালুকা |

<table>
<tr>
<td>২২</td>
<td><u>আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক :</u><br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, অত্র উপজেলায় মোট সমিতির সংখ্যা = ৩৫৫টি, মোট সদস্য সংখ্যা= ১৭৮৯৭ জন। এ মাসের ঋণ বিতরণ এবং ঋণ আদায় কার্যক্রম নিম্নরূপ :
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>লক্ষ মাত্রা (লক্ষ টাকায়)</th><th>অর্জন (লক্ষ টাকায়)</th><th>অর্জনের হার</th></tr>
<tr><td>০১</td><td>সঞ্চয় আদায়</td><td>-</td><td>৮.৩৬</td><td>-</td></tr>
<tr><td>০২</td><td>ঋণ বিতরণ</td><td>১৬৫.১৬</td><td>১২৫.৪০</td><td>৭৬%</td></tr>
<tr><td>০৩</td><td>ঋণ আদায়</td><td>১৬৫.১৬</td><td>১১৩.৫৭</td><td>৭০%</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমন্বয়কারীকে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা সমন্বয়কারী, আবাআখা. ভালুকা</td>
</tr>
<tr>
<td>২৩</td>
<td><u>ইসলামিক ফাউন্ডেশন :</u><br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, ভালুকা উপজেলার সকল ইউনিয়নে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদ ভিত্তিক শিক্ষা ও গণশিক্ষা কার্যক্রমের ১৭৪ টি কেন্দ্র রয়েছে। প্রাক-প্রাথমিক কেন্দ্র ৭৪টি, সহজ কুরআন শিক্ষা কেন্দ্র ৯৯টি, বয়স্ক শিক্ষা কেন্দ্র ১টি এছাড়াও একটি মডেল রিসোর্স সেন্টার ও ২টি সাধারণ রিসোর্স সেন্টার ও ২টি দারুল আরকাম এবতেদায়ী মাদ্রাসা রয়েছে এবং এই সকল প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষা কার্যক্রম কোভিড-১৯ এর কারণে বন্ধ আছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় ।</td>
<td>সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভালুকা</td>
</tr>
<tr>
<td>২৪</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও করোনা (কোভিড-১৯) ভাইরাস হতে সচেতন থেকে দপ্তর প্রধানগণ তাদের কার্যক্রম ভালো ভাবে পরিচালনা করছেন এ জন্য তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানান এবং সকলকে স্বাস্থ্যবিধি মেনে মাক্স পরিধানসহ সামাজিক দূরত্ব বজায় রাখতে অনুরোধ করেন।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে সকল দপ্তরের সমন্বয়ে উন্নত ভালুকা গড়ার প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা।</td>
</tr>
<tr>
<td>২৫</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ সভায় জানান যে, করোনা (কোভিড-১৯) ভাইরাস হতে সচেতন থেকে ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর অর্থায়নে গৃহীত প্রকল্পগুলির প্রাক্কলন প্রস্তুত পূর্বক দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টি সকলের সহযোগীতা কামনা করেন</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা।</td>
</tr>
</table>

বিবিধ আলোচনা না থাকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ মহোদয় উপজেলা পরিষদ সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান এবং উপজেলা পরিষদের কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করেন। পরিশেষে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আবুল কালাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ

স্মারক নং : উনিঅ/ভালুকা/উ:জে:মা:সভা/২০২১- ৭৮৮.

তারিখ : ২৭/১০/২০২১ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। আলহাজ্ব কাজিম উদ্দিন আহম্মেদ, সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদ এবং মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৬-ময়মনসিংহ-১১, ভালুকা
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
৩। উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৪। মেয়র, ভালুকা, পৌরসভা, ময়মনসিংহ ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ ।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ ।
৭। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .অফিসার, ভালুকা, ময়মনসিংহ ।
৮। চেয়ারম্যান . . . . . . . . . . . . . . . . . . . . . . . ইউনিয়ন পরিষদ (সকল),ভালুকা,ময়মনসিংহ ।
৯। জনাব/বেগম . . . . . . . . . . . . . . . . . . . . .

২৭/১০/২১

(আব্দুল্লাহ আল বাকিউল বারী)
উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)
ভালুকা, ময়মনসিংহ।